# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - বেলায়াতের পথে যিকরের সাথে

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ঘ. আল্লাহর পথের পথিকদের পাপ - (৬) সৃষ্টির অধিকার বা পাওনা নষ্ট করা

আমরা ইতোপূর্বে কবীর গোনাহের আলোচনার সময় কুরআন ও হাদীসে এজাতীয় গোনাহের মধ্যে যে সকল গোনাহকে বিশেষভাবে উল্লেখ করা হয়েছে তার সংক্ষেপ তালিকা পেশ করেছি। সেখানে এ জাতীয় ৬৯ টি পাপের উল্লেখ রয়েছে। মহান প্রভু আল্লাহ মানুষকে ভালবাসেন ও মানুষকে করুণা করতে চান। সাথে সাথে তিনি ন্যায়বিচারক মহাবিচারের প্রভু। তাঁর সকল সৃষ্টির মধ্যে ন্যায় প্রতিষ্ঠা করবেন তিনি। কোনো মানুষ যদি অন্য কোনো মানুষ, সৃষ্টি বা জীব জানোয়ারের অধিকার বা প্রাপ্য নষ্ট করে বা কম দেয় এবং জীবদ্দশায় তার অধিকার বুঝিয়ে দিয়ে ক্ষমা চেয়ে নিতে না পারে মহাবিচারের দিনে তিনি ক্ষতিগ্রস্ত সৃষ্টির অধিকার পরিপূর্ণভাবে আদায় করে দেবেন। সেদিন কোনো টাকাপয়সা বা সম্পদ দিয়ে ক্ষতিপূরণ দানের সুযোগ থাকবে না। তখন যালিম, ক্ষতিকারী বা অধিকার হরণকারী ব্যক্তির নেককর্ম বা সাওয়াব নিয়ে মাযলূমকে প্রদান করা হবে। যদি যাকির এ বিষয়ে সতর্ক না থাকেন তাহলে তার কষ্টার্জিত সাওয়াব ও নেক কর্ম অন্য মানুষ ভোগ করবেন, আর তিনি বঞ্চিত হয়ে শাস্তি ভোগ করবেন।

কুরআন কারীমে ও হাদীস শরীফে সমাজের পরস্পরের অধিকার সম্পর্কে বিস্তারিত শিক্ষা প্রদান করা হয়েছে। এগুলি শিক্ষা করা ও পালন করা যাকিরের জন্য বিশেষ জরুরি। আমাদের সমাজে অনেক ধার্মিক ব্যক্তিই স্ত্রীর অধিকার, সন্তানগণের অধিকার, প্রতিবেশীর অধিকার, সহকর্মীর অধিকার, কর্মদাতার অধিকার, কর্মী বা কর্মচারীর অধিকার আত্মীয়স্বজনের অধিকার, বিধবা, এতিম, দরিদ্র ও সমাজের অন্যান্য দুর্বল শ্রেণীর অধিকার, সমাজের অমুসলিম নাগরিকগণের অধিকার, পলিত পশু ও জীব জানোয়ারের অধিকার সম্পর্কে খুবই অসচেতন। আমরা অত্যন্ত বেদনার সাথে লক্ষ্য করি যে, অধিকাংশ ধার্মিক মানুষ অন্যের অধিকার নষ্ট করার কঠিন পাপে লিপ্ত থাকেন। হয়ত তাহাজ্জুদ, যিকর, নফল সিয়াম, দ্বীন প্রতিষ্ঠায় ও প্রচারে রত রয়েছেন; কিন্তু স্ত্রী, সন্তান, প্রতিবেশী, আত্মীয়স্বজন, কর্মস্থল, সেবা গ্রহণে আগত ব্যক্তি, কর্মদাতা ও অন্য অনেকের অধিকার চরমভাবে লঙ্ঘন ও নষ্ট করেন। এগুলিকে অনেকে খুবই হালকা ভাবেন বা বিভিন্ন অজুহাত দেখিয়ে তাদের কঠিন অন্যায়কে যুক্তিসঙ্গত করতে চেষ্টা করেন। যাকিরকে এসকল বিষয়ে খুবই সতর্ক থাকা প্রয়োজন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8767

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন